

তিন নভোচারী নিয়ে মহাকাশের পথে সযুজ

রাশিয়ার একটি সযুজ রকেট তিনজন অভিযাত্রী নিয়ে গতকাল রোববার কাজাখস্তান থেকে আন্তর্জাতিক মহাকাশ গবেষণা কেন্দ্র (আইএসএস) অভিমুখে যাত্রা করেছে। এই অভিযানের মধ্য দিয়ে রাশিয়ার সমস্যাপীড়িত মহাকাশ গবেষণা প্রকল্পের সামর্থ্য যাচাই হবে বলে মনে করা হচ্ছে।

যুক্তরাষ্ট্রের নাসার সুনিতা উইলিয়ামস, জাপানের আর্কিহিতো হোশিদে এবং রাশিয়ার ইউরি মেলশেঙ্কো নামের তিন নভোচারীকে নিয়ে কোনো ধরনের বিঘ্ন ছাড়াই সযুজের গতকালের অভিযান শুরু হয়। কাল মঙ্গলবার রকেটটির আইএসএসে পৌঁছানোর কথা।



ভারতীয় বংশোদ্ভূত মার্কিন নভোচারী সুনিতা উইলিয়ামস ● রয়টার্স

যাত্রা শুরুর কয়েক ঘণ্টা আগে ভারতীয় বংশোদ্ভূত মার্কিন নভোচারী সুনিতা টুইটারে লেখেন, 'পৃথিবী গ্রহকে আপাতত বিদায়!'

সযুজ টিএমএ-০৫এম নামের রকেটটি স্বচ্ছন্দে যাত্রা শুরু করেছে বলে জানিয়েছে নাসা কর্তৃপক্ষ। রাশিয়ার রসকসমস মহাকাশ গবেষণা প্রকল্পের প্রধান ভ্লাদিমির পপোভকিন বলেন, তিনি যাত্রা শুরুর পর নভোচারীদের সঙ্গে কয়েক মিনিট কথা বলেছেন। তাঁরা ভালো আছেন।

মহাকাশ অভিযানের পূর্ব অভিজ্ঞতা থাকলেও সুনিতা ও আর্কিহিতো এই প্রথম রাশিয়ার সযুজের আরোহী হলেন। এএফপি ও বিবিসি।